

সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ৩০ ভাগ মহিলা নিয়োগ

বহু কলেজে শিক্ষক নিয়োগের নামে চলছে প্রহসন। ৫০-৭০ হাজার টাকা ডোনেশন। আবার কোথাও বা মামু-খালু, তেল-পানির জোরে চাকরি হচ্ছে। কিন্তু প্রকৃত মেধা যাচাই করে যোগা শিক্ষক নিয়োগ-বা সরকার ঘোষিত ৩০% মহিলা নিয়োগ বাস্তবে কোনটাই পালন হচ্ছে না। এ ব্যাপারে উল্লেখ করা যায় যে, নরসিংদী জেলার একটি ডিগ্রি কলেজে দরখাস্ত জমা দিয়ে অধ্যক্ষ মহোদয়ের সঙ্গে আলাপে জানা যায় যে, তিনি যেভাবেই হোক মহিলা শিক্ষক নিয়োগ প্রতিহত করবেন। কোনভাবেই মহিলা নিয়োগ তিনি করবেন না, এমন কি তিনি ওই আইনেরও কোন তোয়াক্কা করেন না। একইভাবে মাঝিনা মৌজার আহম্মদিয়া ফাযিল মাদরাসায় ২ বার শিক্ষক নিয়োগ হল, কিন্তু মহিলা নিচ্ছে না, নেবে না। এভাবে বহু শিক্ষাপ্রতিষ্ঠানে বিজ্ঞপ্তি দেয়ার পরই যাকে নেয়া হবে তার সঙ্গে চুক্তি হয়ে যায়। শুরু হয় বিষয় বিশেষজ্ঞসহ সবার সঙ্গে যোগাযোগের পালা। বিজ্ঞপ্তি নামে মাত্র সরকারের নিয়ম মানার জন্য দেয়া হচ্ছে। আবার কোথাও নারী নেতৃত্ব হারাম বলেও ফতোয়া দেয়া হচ্ছে। যে দেশের প্রধানমন্ত্রী নারী, বিরোধীদলীয় নেত্রী নারী সে দেশে এমন কিছু ফতোয়াবাজি চলছে অবোধে। তাই সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অনুরোধ, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ৩০% মহিলা শিক্ষক নিয়োগের বিষয়টির ব্যাপারে একটি চূড়ান্ত নিষ্পত্তি করা হোক।

জেবুন নাহার, প্রভাষিকা বাংলা, মাঝিনা মৌজার আহম্মদিয়া ইসলামিয়া ফাযিল মাদরাসা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ